

জনতার মঞ্চের  
 ভিক্টোরিয়া কলেজের  
 নবনিযুক্ত অধ্যক্ষের কক্ষে  
 ছাত্রদলের তালা

কুমিল্লা প্রতিমিথি : জনতা মঞ্চের লোক হিসেবে চিহ্নিত করে ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজের নবাগত অধ্যক্ষ আশরাফুল ইসলামের কক্ষে গতকাল শনিবার তালা ফুলিয়েছে কলেজ ছাত্রদলের নেতাকর্মীরা।

গতকাল সকালে কলেজের নবাগত অধ্যক্ষ আশরাফুল ইসলাম কর্মস্থলে যোগ দিতে আসলে কলেজ ছাত্র সংসদের সাবেক ডিপি ও ছাত্রদল নেতা আশিকুর রহমান মাহমুদ ওয়াসিমের নেতৃত্বে বিক্ষুব্ধ ছাত্রদল নেতাকর্মীরা অধ্যক্ষের কক্ষে তালা ফুলিয়ে দেয়। এ সময় ছাত্রদলের কর্মীরা তাকে জনতা মঞ্চের দালাল শ্রোগান দিয়ে তার অপসারণের দাবিতে মিছিল বের করে। ● এপ্র-পৃষ্ঠা ১১ কলাম ০

ভিক্টোরিয়া কলেজের

• ক্ষেত্র গভীর পর  
 মিছিল শেষে ছাত্রদলের এক সমাবেশ থেকে আগামী ১ সপ্তাহের মধ্যে অধ্যক্ষকে অপসারণের দাবি জানানো হয়। অন্যথায় বৃহত্তর কর্মসূচি গ্রহণের হুমকি দেওয়া হয়। ছাত্রদলের মিছিল, সমাবেশ, অধ্যক্ষের কক্ষে তালা ফুলানোর ঘটনায় কলেজে অচলাবহাৱ সৃষ্টি হয়।

ছাত্রদল নেতাকর্মীরা সকাল ১১ টায় কলেজের উচ্চ মাধ্যমিক শাখায় অধ্যক্ষ ও শিক্ষকদের কক্ষেও তালা ফুলিয়ে দেয়। এ সময় কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগ কর্মীরা এর প্রতিবাদ করলে দুপলের কর্মীদের মধ্যে কথাকাটাকাটি ও তর্ক-বিতর্ক হয়। এক পর্যায়ে ছাত্রদল কর্মীরা ছাত্রলীগ নেতা আসাদুজ্জামানকে মারপিট করে গুরুতরভাবে আহত করে। এ সময় আরো ৪ জন ছাত্রলীগ কর্মী ছাত্রদল কর্মীদের প্রহারে আহত হয়। গুরুতর আহত ছাত্রলীগ কর্মী আসাদুজ্জামানকে কুমিল্লা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। কলেজ ক্যাম্পাসে এ নিয়ে উত্তেজনা বিরাজ করছে। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।